অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়ায় এগরার পাঁচরোল বিলবড়া এলাকায়

নিজস্ব সংবাদদাতা, এগরা : রবিবার রাতে এক অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়ায় এগারর পাঁচরোল বিলবড়া এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত ব্যক্তির নাম মন্টু জানা (৫০)। বাড়ি এগরার বিলবড়া গ্রামে। পুলিশ আরও জানিয়েছে,রবিবার রাতে পাঁচরোল বাজারে মদ্যপ অবস্থায় বন্ধুবান্ধবদের সঙ্গে কথা কাটাকাটিতে বচসার জড়িয়ে পড়েছিল।

তারপর তর্কবিতর্ক চলাকালীন তাঁকে বন্ধুবান্ধবরা ঠেলে দেয়। পড়ে গিয়ে অসুস্থ হয়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে এগরা মহকুমা হাসপাতালে ভর্তি করে।

আর সেখানেই চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করে। খবর পেয়ে হাসপাতাল থেকে মৃতদেহটিকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কাঁথি মহকুমা হাসপাতালে পাঠায়। পরিবার সূত্রে জানা গিয়েছে, মৃত্যুতে পরিবারে নেমে এসেছে গভীর শোকের ছায়া। তবে পুলিশের প্রাথমিক সূত্রে অনুমান যে, অতিরিক্ত মদ্যপানের জেরে এই ঘটনা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

শালবন থেকে উদ্ধার হল যুবক ও যুবতীর মৃতদেহ

নিজস্ব সংবাদদাতা, চন্দ্রপুর : চন্দ্রপুর থানার সাজিনা গ্রামের পার্শ্ববর্তী শালবন থেকে উদ্ধার হল যুবক ও যুবতীর মৃতদেহ। মৃত যুবকের নাম সুখেন বাগদি (২১) ও যুবতীর নাম পম্পা বাগদি। (১৭)। একই দড়িতে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন তাঁরা।

আজ সকালে চন্দ্রপুর থানার সাজিনা গ্রামের পাশে অবস্থিত এর শালবনে স্থানীয়রা মৃতদেহ দুটি দেখতে পান। স্থানীয়রা বলেন, পম্পার সঙ্গে সুখেনের সম্পর্ক ছিল। তবে হঠাৎই কিছুদিন আগে পম্পার বিয়ে ঠিক। আর তারপরই তাঁরা আত্মহত্যার পথ বেছে নেন।

রামনগর বাজারে অন্নমহোৎসবের আয়োজন

নিজস্ব সংবাদদাতা, রামনগর : বন্ধুমহল ক্লাবের পরিচালনায় ৩৩ তম সর্বজনীন শ্যামাপুজো উপলক্ষে মহাসমারোহে অন্নমহোৎসবের আয়োজন করা হয়। সোমবার রামনগর বাজারের উপর অন্নমহৎসবের অনুষ্ঠান হয়। এইদিন ক্লাবের সম্পাদক সোমনাথ মহাপাত্র বলেন, রামনগর থানা এলাকার প্রায় ২০,০০০ জনকে অন্নদান করা হয়। এই ক্লাবের জন্মলগ্ন থেকেই শ্যামাপুজো উপলক্ষে এই সময়ে প্রতিবছরই অন্নমহোৎসব হয়।

ক্লাবের সভাপতি কার্তিক চন্দ্র বেরা বলেন, আগেই দুঃস্থদের বস্ত্র বিতরণ, রক্তদান, চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছিল। আমরা এই পুজো উপলক্ষে সরকারি জনহিতকর সেফ ড্রাইভ সেভ লাইফ, কন্যাশ্রী, মিশন নির্মল বাংলা প্রকল্পের প্রচার এখনও করছি। এদিন উপস্থিত ছিলেন এই ক্লাবের সর্বাধিনায়ক ও রামনগর-১ পঞ্চায়েত সমিতির সভাপতি নিতাই চরণ সার, রামনগর বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি পঙ্কজ মহাপাত্র, রামনগর বাজার ব্যবসায়ী সমিতির সহ সভাপতি দীপক সার, সহ সম্পাদক রবীন্দ্রনাথ সার, সমাজসেবী পুষ্পরঞ্জন সার, সমাজসেবী স্বপন মহাপাত্র প্রমুখ। মনোজ্ঞ ও সাংস্কৃতিক সন্ধ্যারও আয়োজন করা হয়। এদিন রামনগর বাজারে ব্যাপক ভিড় লক্ষ করা যায়।

পুলিশ যানজট সামলাতে হিমশিম খেয়ে যায়।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

		4			5		1	
		7		1				5
	5		2	4	9			
					3		9	
3		6				5		7
	9		8					
			1	8	6		7	
7				9		1		
	6		3			9		

গতকালের সমাধান

3	2	7	1	9	5	4	6	8
9	1	4	8	3	6	2	7	5
6	5	8	7	4	2	9	1	3
7	3	5	2	6	8	1	4	9
8	6	9	4	5	1	7	3	2
1	4	2	9	7	3	8	5	6
5	7	1	6	8	9	3	2	4
2	9	3	5	1	4	6	8	7
4	8	6	3	2	7	5	9	1

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৯ ডিগ্রি ও ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৮ ডিগ্রি ও ২০ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮১ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৪১, **সূর্যাস্ত:** ঘ ৪।৫৯ **জোয়ার:** বেলা ১১:৩০। **ভাটা:** সকাল ৬:৪৭।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR/1 USD	: 64.9338
INR/1 Euro	: 75.4271
INR/100 Jap. YEN	: 57.1300
INR/1 Pound Sterling	: 85.3750

শেয়ারসূচক

BSE 33,266.16▲ (+108.94)
NIFTY 10363.65▲ (+40.60)

নয় বছর বয়সে হারিয়ে যাওয়া শিশুকে ফিরে পেল তার বাবা-মা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ছট পুজোয় ফিরে পেল সন্তানকে ২০১১ সালে হারিয়ে যাওয়া নয় বছরের বিক্রম এখন যুবক। স্মৃতি শক্তি ফিরে পেয়েই সে তার বাড়ির কথা বলছিল। হোম কর্তৃপক্ষকে।

তারপর শুরু হয়ে যায় তোড়জোড়। ২০১১ সালে মেলায় হারিয়ে যাওয়া সঞ্জয় সাউয়ের ছেলে বিক্রম সাউয়ের বয়স তখন নয় বছর। সঞ্জয় সাউ একজন মুদিখানা দোকানের কর্মী। বিক্রমের মা বীনারানি সাউ একজন গৃহবধূ। তাদের তিন ছেলে ও দুই মেয়ে। অভাবের সংসার মেলায় হারিয়ে যাওয়া বিক্রমের খোঁজে

বহু জায়গায় ঘোরাফেরা করেছে তারা। হারিয়ে যাওয়া বিক্রমের ঠাঁই হয়েছিল হাওড়ার শ্যামপুরের মাধবপুরের একটি বেসরকারি হোমে। সেখানেই অন্ন, বস্ত্র দেওয়া হয় তাকে এবং বিশেষ চিকিৎসা করানো হয়। পাশাপাশি সুজনশীল শিক্ষাতেও পারদর্শী করা হয় তাকে। সম্প্রতি সেই হোমের কালীপুজোতে অঙ্কন শিবিরে তার আঁকা ছবি যথেষ্ট খ্যাতি লাভ করে।

ধীরে ধীরে বিশেষ কাউন্সেলিংয়ে সে সুস্থ হয়ে ওঠে। বলতে পারে নিজের বাড়ির ঠিকানা ও বাবা-মায়ের নাম। তারপর ওই স্বেচ্ছাসেবী সংস্থা যোগাযোগ করে জেলা সমাজ কল্যাণ দফতরের আধিকারিকদের সঙ্গে প্রক্রিয়া শুরু হয় বিক্রমের। ছট পুজোয় ফিরে পায় তারা বাবা-মাকে। নয় বছরের হারিয়ে যাওয়া বিক্রমের বয়স এখন ষোল। কথাবার্তা ও স্পষ্ট দেখতে শুরু করেছে। সঞ্জয় ও রানারানিরা ওই স্বেচ্ছাসেবী সংস্থার মমতা ঘোষ ও ব্রাদার মার্কুস জানানো হয়। বিক্রমকে তার পরিবারের হাতে তুলে দিতে পারায় তাঁরা খুশি। হাজার হাজার পথ হারানো। বাড়ি হারানো আবাসিকদের কাছে মমতা ও ব্রাদার মার্কুসরা যেন আপনজন।

দেগঙ্গায় ডেঙ্গুতে মৃত্যু হল তিনজনের

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা : দেগঙ্গায় ডেঙ্গুতে মৃত্যু হল তিনজনের। মৃতদের নাম রমজান আলি, রত্না দাস ও মারিয়া বিবি।

দেগঙ্গা চাঁপাতলা গ্রাম পঞ্চায়েতের কোয়াডাঙা গ্রামের বছর ৪০ রমজান আলি সাতদিন ধরে জ্বরে আক্রান্ত ছিলেন। গ্রামেই চলছিল তাঁর চিকিৎসা। দু'দিন আগে অবস্থার অবনতি হওয়ায় আবাজিকর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এর পর আজ ভোরে মৃত্যু হয় রমজান আলির।

পাশাপাশি, আজ সকাল মৃত্যু হয় দেগঙ্গার চাকলা এলাকার বাসিন্দা রত্না দাস (২৫)। রত্নাদেবী দশমাসের অন্তঃসত্ত্বা ছিলেন বলে জানা গেছে। তাঁর মৃত্যু হয় আবজিকর হাসপাতালে। ডেথ সার্টিফিকেটে মৃত্যুর কারণ ডেঙ্গু লেখা হয়েছে। এরইসঙ্গে গতরাতে জ্বরে মৃত্যু হয় আমুলিয়া জিপি চাঁদপুর গ্রামের বাসিন্দা মারিয়া বিবির (৫০)। গতরাতেই হাসপাতালে নিয়ে আসার সময় তাঁর মৃত্যু হয় বলে জানা গেছে। এভাবে ডেঙ্গুতে একের পর এক মৃত্যুর ফলে আতঙ্ক ছড়িয়েছে দেগঙ্গায়। তবে প্রশাসনের তরফে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে।

বারাসতে পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প মেলা

নিজস্ব সংবাদদাতা, বারাসত : রবিবার থেকে শুরু হল উত্তর ২৪ পরগনা জেলার বারাসত কাছারি ময়দানে পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প মেলা। রাজ্যের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

খাদ্যমন্ত্রী মেলা উদ্বোধন করে বলেন, বারাসতের পর এই মেলা বসিরহাট ও বনগাঁতে করার উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগেই বাংলার তন্তুজ, বঙ্গশ্রী, মঞ্জুষার মতো সংস্থাগুলি আজ লাভের মুখ দেখেছে। সেইসঙ্গে খাদ্যমন্ত্রী জানান, আগামী ১ নভেম্বর থেকে রাজ্য সরকার ধান কেনা শুরু করবে। এবারেও এই কাজে যুক্ত করা হবে বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীকে। এদিন রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র দফতরে মন্ত্রী স্বপন দেবনাথ বলেন, গরিব শিল্পীদের কথা ভেবেই এই ধরনের উদ্যোগ। শিল্পীদের সাহায্যের জন্য ব্যাঙ্ক ঋণেরও ব্যবস্থা করেছে সরকার। হস্তশিল্পীদের তৈরি জিনিস এখন বিদেশেও রফতানি হচ্ছে। ভবিষ্যতে আরও উন্নতমানের জিনিস তৈরির জন্য এই সমস্ত শিল্পীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

ভাগ্যলিপি

মেষ
আপনার বন্ধু আজ আপনাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে। আজ সাফল্য আসবে।

বৃষ
সমস্যা পড়তে হতে পারে আজ, সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আজ আপনাকে সাবধানে থাকতে হবে।

মিথুন
ধর্মীয় ব্যাপারে অর্থ ব্যয় হবে। শিক্ষামূলক কাজে এগিয়ে চলুন।

কর্কট
সংস্কৃতিক ক্ষেত্রে আজ আপনার ব্যয় বৃদ্ধি পাবে। আইনগত ঝামেলায় জড়িয়ে পড়তে পারেন।

সিংহ
অর্থ রোজগারের ক্ষেত্রে আজ আপনাকে ঝুঁকি নিতে হবে। এগিয়ে চলার চেষ্টা করুন।

কন্যা
উত্তেজিত হবে না, আপনার আবেগ ভালবাসার ফলে সম্পর্কের উন্নতি হবে।

তুলা
আপনার জ্ঞানের পরিধি সকলের কাছে সমাদৃত হবে। সাফল্য আসবে।

বৃশ্চিক
সম্পর্কের উন্নতি ঘটানোর ক্ষেত্রে নতুন ভূমিকা নিতে হতে পারে আপনাকে।

ধনু
সঠিক পদক্ষেপ নিতে হতে পারে, বন্ধুদের ও পরিবারের সদস্যদের কাছে আপনার দায়িত্ব দিয়ে প্রশ্নে উত্তর দিতে হতে

মকর
কর্মস্থলে ঝামেলার সৃষ্টি হতে পারে, মাথা ঠাণ্ডা রাখুন।

কুম্ভ
প্রত্যাশিত ফল পেতে পারেন আজ,

মীন
আজ একশ শতাংশ সাফল্য পাবেন। কাজে দিতে মন নিবেশ চেষ্টা করুন সাফল্য আসবে।

হাওড়ায় বিপজ্জনক বেশ কয়েকটি বাড়ি চিহ্নিত

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ফের বিপজ্জনক বাড়ি ভেঙে গুরুতর আহত হলেন একজন। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে হাওড়ার গোলাবাড়ির ডবসন রোডে। এই ঘটনায় এলাকা জুড়ে চাঞ্চল্য পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

জানা গিয়েছে, ওই বাড়ির তিনতলাটির পরিস্থিতি ছিল বিপজ্জনক। তার উপর দিয়েই শুরু হয়েছিল নতুন করে নির্মাণকাজ। এরপরই ঘটে বিপত্তি। বাড়ির বারান্দার অংশটি হুড়মুড়িয়ে ভেঙে পরে। বাড়িটি বিপজ্জনক পরিস্থিতিতে থাকা সত্ত্বেও কেন সেখানে ফের নির্মাণকাজ শুরু হল সেই নিয়ে উঠছে প্রশ্ন। পুরসভার কোনওরকম কোনও অনুমতি ছিল কি না সেটিও খতিয়ে দেখা হচ্ছে। ঘটনাস্থলে এসে পৌঁছেনে পুলিশ এবং বিপর্যয় মোকাবিলা দফতরের কর্মীরা। জানা গিয়েছে, বাড়িটি জি প্লাস টু অনুমোদন থাকলেও সেটি বেআইনিভাবে আরও বাড়ানো হচ্ছিল। এই প্রসঙ্গে মেয়র রথীন চক্রবর্তী জানিয়েছেন, এরকম বেশ কিছু বাড়ি হাওড়া পুর এলাকায় আছে যেগুলি বিপজ্জনক হিসেবে চিহ্নিত করা হয়েছে। অনেক ক্ষেত্রেই নোটিস দেওয়া হলেও তা তোয়াক্কা করছেন না বাড়ির মালিকরা। তার উপর দিয়েই চলছে নির্মাণকাজ। আর এতেই দিনকে দিন বাড়ছে দুর্ঘটনা। তবে, ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে সেই কারণে আইন সংশোধিত করে আরও বড় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

রাজ্যে বেকারত্ব দূর করার জন্য পর্যটন শিল্পকে আধুনিক মানে গড়ে তোলা হবে

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : সাগরে বিধানসভার পর্যটন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান। আজ দু'পুর ১-৩০ মিনিটে অনিল অধিকারীর নেতৃত্বে ছজনের একটি প্রতিনিধি দল দু'দিনের সফরে সাগরে উপস্থিত হন। বিধানসভার স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান অনিল অধিকারী এই প্রতিবেদককে বলেন পশ্চিমবঙ্গে পর্যটনের প্রচুর সম্ভাবনা রয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ইতিমধ্যে সাগর, সুন্দরবন, উত্তরবঙ্গে পর্যটনের প্রভূত উন্নয়ন ঘটেছে। সাগর, বকখালি ফ্রেজারগঞ্জ নিয়ে গত দু-তিন বছরে পর্যটনের জন্য কাজ শুরু হয়েছে।

সেইসব কাজের অগ্রগতি এবং সুন্দরবনে ঝড়খালি, সজনেখালি ইত্যাদি নিয়ে পর্যটনের জন্য আর কি করা যায় তার একটি বিস্তারিত রিপোর্ট তৈরি করা হবে।

তিনি আরও জানান, রাজ্যে বেকারত্ব দূর করার জন্য পর্যটন শিল্পকে আধুনিক মানে গড়ে তোলা হবে। গঙ্গাসাগর। বকখালিতে যাতে সহজে বিদেশি পর্যটরা আসতে পারেন তার জন্যও পরিকল্পনা করা হচ্ছে।

সুন্দরবনে পর্যটন কেন্দ্র যত বেশি গড়ে তোলা যাবে স্থানীয়ভাবে প্রচুর কর্মসংস্থানও হবে। উল্লেখ্য, ২০১৬ সালে পর্যটন মন্ত্রী গৌতম দেব গঙ্গাসাগর ঘুরে গেছেন।

শীতবস্ত্র বিতরণ বাগবাজারে

নিজস্ব সংবাদদাতা : চিত্র লেখা বহুমুখী কলা শিক্ষা কেন্দ্রের উদ্যোগে রবিবার বাগবাজার কাশিম বাজার স্কুলের আবাসিক ছাত্রদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজসেবী। রণজিৎ চট্টোপাধ্যায়, চিত্রশিল্পী তারক ভট্টাচার্য, নৃত্য শিল্পী মুনমুন সাহা ও আরও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন রাজু ঘোষাল ও কাবেরী ঘোষাল।

শ্বশুরবাড়ির অত্যাচারে বিষ খেয়ে আত্মহত্যা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : শ্বশুর বাড়ির অত্যাচারে বিষ খেয়ে আত্মহত্যা করল গঙ্গাসাগরের এক গৃহবধূ পার্বতী পাঁটি (২৫)। পার্বতীর বাবা পবন দাস বলেন, গত পাঁচ বছর আগে স্থানীয় গঙ্গাসাগরের বাসিন্দা সুব্রত পাঁটির সঙ্গে মেয়ের বিয়ে হয়। আমাদের সাধ্যমতো অর্থ খরচ করে বিয়ে দিই। জামাই সুব্রতর একটি হারের দাবি ছিল। কিন্তু আমাদের সেই সামর্থ ছিল না। তবুও বলি পরে কোনও এক সময়ে হার দেওয়া যাবে। বিয়ের কিছুদিন পর থেকেই দাবি দাওয়া নিয়ে মেয়ের সঙ্গে জামাই সুব্রতর প্রায়ই ঝামেলা হত। এরপর মেয়ের কন্যা সন্তান জন্মগ্রহণ করে। এনিয়েও শ্বশুরবাড়িতে অশান্তি হয়। কয়েকদিন আগে পার্বতীকে জামাই, শ্বশুর, শ্বাশুড়ি মিলে মারধর করে। মেয়ে বাবাকে সব ঘটনা জানায়। পার্বতীর বাবা স্থানীয় লোকজনকে নিয়ে আলাপ আলোচনা করে তখনকার মত অবস্থা সামাল দেওয়ার চেষ্টা করে। তিনদিন আগে জামাই পার্বতীর বাবাকে খবর পাঠিয়ে বলে আপনাদের মেয়ে অসুস্থ। স্থানীয় গঙ্গাসাগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে দেখে মেয়ে মৃত। ডাক্তারবাবুদের সঙ্গে যোগাযোগ করে জানতে পারে মৃত অবস্থায় জামাই সহ শ্বশুর বাড়ির লোকজন হাসপাতালে রেখে চলে গেছে। পরণবাবুরা এরপর সাগর কোস্টাল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

জামাই সুব্রত, শ্বশুর, শাশুড়ি পলাতক। পার্বতীর দেহ ময়নাতদন্তের জন্য কাকদ্বীপ মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে।

স্ত্রীকে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : সিউড়ি থানার লতাবুনি গ্রামে স্ত্রীকে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল স্বামীর। মৃতের নাম বাবুধন সোরেন (৩২)।

বেশ কিছুদিন আগে বাবুধন সোরেনের বাড়ি থেকে পাশের বাড়িতে বিদ্যুতের তার নিয়ে যাওয়া হয়েছিল। সেই বিদ্যুতের তার ছিঁড়ে কাপড় মেলা লোহার তারে জড়িয়ে যায়।

আজ সকালে বাবুধনের স্ত্রী লক্ষ্মী সোরেন স্নান সেরে ওই তারে কাপড় মেলতে গেলে বিদ্যুৎস্পৃষ্ট হন। স্ত্রীকে তার ধরে কাঁপতে দেখে ছুটে যান বাবুধন। স্ত্রীকে ধাক্কা মেরে ফেলে দেন। কিন্তু, নিজে বিদ্যুৎ স্পৃষ্ট হন। মৃত্যু হয় বাবুধনের।

তবে এই ঘটনা প্রথম নয়। এই গ্রামে একইভাবে এর আগে মৃত্যু হয়েছে সাতজনের।

উত্তর কলকাতার কুমারটুলি নিউ মিলন সংঘের জগদ্ধাত্রী আরাধনা।

রাজ্যে ডেঙ্গুতে মৃত্যু অব্যাহত

নিজস্ব সংবাদদাতা, দমদম : রাজ্যে ডেঙ্গুতে মৃত্যু অব্যাহত। গতকাল দক্ষিণ দমদমে পুরসভার পাতিপুকুর নতুন পল্লির বাসিন্দা এক গৃহবধূর মৃত্যু হয়েছে ডেঙ্গুতে। মৃতের নাম অনু দাস। গত দু'দিন ধরে তিনি জ্বরে ভুগছিলেন বলে জানা গেছে।

জ্বর না কমায় গতকাল সকালে লেকটাউনের একটি বেসরকারি নার্সিংহোমের ভর্তি করা হয় অনু দাসকে। সেখানে অবস্থার আরও অবনতি হলে তাঁকে বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানেই মৃত্যু হয় তাঁর।

এদিকে অনু দাসের মৃত্যুর পরই পুরসভার বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন এলাকার বাসিন্দারা। গতরাতে স্থানীয় বিধায়ক সুজিত বসুর গাড়ির আটকে বিক্ষোভ দেখান তাঁরা।

বিক্ষোভকারী দেব অভিযোগ, বিধায়ক বা পুরসভা ডেঙ্গু প্রতিরোধে যথেষ্ট ব্যবস্থা নেয়নি।

জানা যাচ্ছে, দক্ষিণ দমদম পুরসভার এই এলাকায় বহু মানুষ অজানা জ্বরে আক্রান্ত। অনেকের ইতিমধ্যেই ডেঙ্গু ধরা পড়েছে। বাসিন্দাদের অভিযোগ, পুরসভা ও প্রশাসন ডেঙ্গুতে মৃত্যু ধামাচাপা দিতে যতটা উদ্যোগী, ঠিক ততটা উদ্যোগী নয় ডেঙ্গু রুখতে। কলকাতা ও শহরতলি মিলিয়ে প্রায় ২১ হাজার মানুষ ডেঙ্গুর উপসর্গে ভুগছেন বলে জানা গেছে।

দক্ষিণ দমদম পুরসভার চেয়ারম্যান পাঁচু রায় বলেন, সার্ভে করতে গিয়ে অ্যাকোরিয়ামে এমনকি ফ্রিজের পিছনের বক্সে ডেঙ্গুর লার্ভা পাওয়া গেছে। নির্মীয়মাণ বহুতলের জলের ট্যাঙ্ক ও বন্ধ কলকারখানায় রীতিমতো ডেঙ্গুর মশার চাষ করা হচ্ছে বললে ভুল হবে না। মানুষ যদি মশার চাষ করে, তাহলে পুরসভা কী করবে।